

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
ন্যাশনাল ডিজাস্টার রেসপন্স কো-অর্ডিনেশন সেন্টার (NDRCC)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং ৫১.০০.০০০০.৪২৩.৪০.০০৪.২০১৬-১২৪

তারিখঃ ২৯/০৪/২০১৬
সময়ঃ বিকাল ৩.০০ টা.

বিষয়ঃ দুর্যোগ সংক্রান্ত ২৯.০৪.২০১৬ তারিখের দৈনিক প্রতিবেদন।

০১। **আবহাওয়ার সর্বশেষ অবস্থাঃ (তথ্যসূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা)।**

সমুদ্র বন্দর সমূহের জন্য কোন সতর্কতা সংকেত নেই।

নদীবন্দর সমূহের জন্য কোন সতর্ক সংকেত নেই।

পূর্বাভাসঃ যশোর ও কুষ্টিয়া অঞ্চলসহ ঢাকা ও সিলেট বিভাগের দু'এক জায়গায় অস্থায়ী দমকা/বাড়ো হাওয়াসহ বৃষ্টি অথবা বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেইসাথে কোথাও কোথাও শিলা বৃষ্টি হতে পারে। এছাড়া দেশের অন্যত্র আকাশ অস্থায়ীভাবে আংশিক মেঘলাসহ আবহাওয়া প্রধানতঃ শুষ্ক থাকতে পারে।

তাপপ্রবাহঃ রাজশাহী অঞ্চলে তীব্র তাপপ্রবাহ এবং ঢাকা, টাঙ্গাইল, ফরিদপুর, নোয়াখালী, খুলনা, যশোর ও কুষ্টিয়া অঞ্চলসহ রাজশাহী বিভাগের অবশিষ্টাংশের উপর দিয়ে মৃদু থেকে মাঝারী ধরনের তাপপ্রবাহ বয়ে যাচ্ছে এবং তা অব্যাহত থাকতে পারে।

তাপমাত্রা : সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

গত ২৪ ঘন্টায় বিভাগওয়ারী দেশের সর্বোচ্চ এবং সর্বনিম্ন তাপমাত্রা নিম্নরূপঃ

বিভাগের নাম	ঢাকা	চট্টগ্রাম	সিলেট	রাজশাহী	রংপুর	খুলনা	বরিশাল
সর্বোচ্চ তাপমাত্রা	৩৭.৪	৩৬.৬	৩৫.০	৪০.২	৩৫.২	৩৭.৬	৩৫.৩
সর্বনিম্ন তাপমাত্রা	২২.৫	২৭.২	১৯.৯	২৭.০	২১.৫	২৭.২	২৮.০

* দেশের সর্বোচ্চ তাপমাত্রা ছিল রাজশাহী ৪০.২ ডিগ্রী সে. এবং সর্বনিম্ন তাপমাত্রা ছিল সিলেট ১৯.৯ ডিগ্রী সে.।

০২। নদ-নদীর সর্বশেষ অবস্থাঃ (তথ্যসূত্রঃ বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র, বাপাউবো)

মোট পর্যবেক্ষণ পয়েন্টের সংখ্যা	৮৫ টি	পানি স্থিতিশীল রয়েছে	০৯ টি
পানি বৃদ্ধি পেয়েছে	২৬ টি	তথ্য পাওয়া যায়নি	১৭ টি
পানি হ্রাস পেয়েছে	৩৩ টি	বিপদসীমার উপরে দিয়ে প্রবাহিত হচ্ছে	০০ টি

০৩। সকল পয়েন্টে নদীর পানি বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হচ্ছেঃ

ক্রঃ	জেলার নাম	স্টেশনের নাম	নদীর নাম	গত ২৪ ঘন্টায় পানি বেড়েছে/কমেছে (সে.মি)	বিপদসীমার উপরে রয়েছে (সে.মি)
-	-	-	-	-	-

এক নজরে নদ-নদীর পরিস্থিতি

- ব্রহ্মপুত্র-যমুনা ও গঙ্গা-পদ্মা নদ-নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পাচ্ছে, অপরদিকে সুরমা-কুশিয়ারা নদীর পানি সমতল হ্রাস পাচ্ছে।
- আগামী ২৪ ঘন্টায় ব্রহ্মপুত্র-যমুনা ও গঙ্গা-পদ্মা নদ-নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পেতে পারে, অপরদিকে সুরমা-কুশিয়ারা নদ-নদী সমূহের পানি সমতল হ্রাস পেতে পারে।

০৪। গত ২৪ ঘন্টায় দেশের বিভিন্ন স্থানে উল্লেখযোগ্য বৃষ্টিপাতঃ (গতকাল সকাল ৬ টা থেকে আজ সকাল ৬ টা পর্যন্ত)

স্টেশন/ জেলার নাম	বৃষ্টির পরিমাণ (মি.মি)	স্টেশন/ জেলার নাম	বৃষ্টির পরিমাণ (মি.মি)
কানাইঘাট-সিলেট	২৪	লড়েরগড়-সুনামগঞ্জ	২৫

০৫। ঘূর্ণিঝড়ঃ সুনামগঞ্জঃ জেলা ত্রাণ ও পূর্ববাসন কর্মকর্তা জানান, গতকাল ২৮/০৪/২০১৬ ইং তারিখ রাত ১২.৩০ মিনিটের সময় জেলার বিশ্বম্ভরপুর উপজেলার জগন্নাথপুর গ্রামের উপর দিয়ে এক ঘূর্ণিঝড় বয়ে যায়। ঘূর্ণিঝড়ের আঘাতে প্রায় ১৫০ টি বাড়ি বিধ্বস্ত হয়েছে। ঘূর্ণিঝড়ের সময় গাছ চাপা পড়ে ১১ বছরের এক জন শিশু মারা যায় এবং ৬/৭ জন লোক আহত হয়েছে। জেলা প্রশাসনের লোক ঘূর্ণিঝড় এলাকা সরেজমিনে পরিদর্শন করেছেন। জেলা প্রশাসনের মজুদ থেকে মৃত ব্যক্তির পরিবারকে ৫,০০০/- টাকা সাহায্য প্রদান করা হয়েছে। ক্ষয়ক্ষতি নিরূপণের কাজ চলছে। বিস্তারিত পরে জানো হবে।

০৬। **অগ্নিকাণ্ডঃ** ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স নিয়ন্ত্রণ কক্ষের ডিউটি অফিসার জানান, আজ কোথাও থেকে উল্লেখযোগ্য কোন অগ্নিকাণ্ডের খবর পাওয়া যায়নি।

* দুর্যোগ পরিস্থিতি মনিটরিং করার জন্য দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের NDRCC (জাতীয় দুর্যোগ সাড়াদান সমন্বয় কেন্দ্র) ২৪ ঘন্টা (৭X২৪) খোলা রয়েছে। দুর্যোগ সংক্রান্ত যে কোন তথ্য আদান-প্রদানের জন্য NDRCC'র নিম্নবর্ণিত টেলিফোন/ ফ্যাক্স/email নম্বরে যোগাযোগ করার জন্য অনুরোধ করা যাচ্ছেঃ

টেলিফোন নম্বরঃ ৯৫৪০৪৫৪, ৯৫৪৯১১৬, ৯৫৪৫১১৫, ৯৫৪৬৬৬৩; ফ্যাক্স নম্বরঃ ৯৫৪০৫৬৭, ৯৫৪৯১৪৮, ৯৫৭৫০০০

Email: ndrcc.dmr@gmail.com

স্বাক্ষরিত/
(মোঃ দলিল উদ্দিন)
ভারপ্রাপ্ত কর্মকর্তা (এনডিআরসিসি)
ফোনঃ ৯৫৪৫১১৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ০৩। সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ০৪। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ০৫। প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ০৬। মহা-পরিচালক-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ০৭। অতিরিক্ত সচিব (প্রশাসন), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ০৮। অতিরিক্ত সচিব (দুঃব্যঃ), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ০৯। মহা-পরিচালক (অতিরিক্ত সচিব), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ১০। অতিরিক্ত সচিব (ত্রাণ)/(দুব্যক), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ১১। মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ১২। পরিচালক-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ১৩। সিস্টেম এনালিস্ট, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়। প্রতিবেদনটি ওয়েব সাইটে প্রদর্শনের জন্য অনুরোধ করা হল।
- ১৪। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। উপরি উক্ত তথ্য ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়াতে প্রচারের জন্য।
- ১৫। সিনিয়র তথ্য কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।